দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 19 SEPTEMBER 2025 ,FRIDAY | ১৯ সেপ্টেম্বর ২০২৫ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-398

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

## ভ্রাম্যমান খাদ্য পরীক্ষাগারের শুভ সূচনা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ সেপ্টেম্বর : খাদ্যদ্রব্যের মান সঠিক রাখার পাশাপাশি সাধারণ মানুষকে খাদ্যদ্রব্য সম্পর্কে সচেতন করার উদ্দেশ্যে এদিন উদ্বোধন করা হলো ভ্রাম্যমান খাদ্য পরীক্ষাগারের। এদিন উদ্বোধন উপলক্ষ্যে উপস্থিত ছিলেন জেলাশাসক আর বিমলা জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুমিত গঙ্গোপাধ্যায় সহ অন্যান্যরা। এদিন আলিপুরদুয়ার জেলা শহরের প্রশাসনিক ভবন ডুয়ার্স কন্যার সামনে থেকে এই ভ্রাম্যমান খাদ্য পরীক্ষাগার এর শুভ সূচনা হয় বৃহস্পতিবার বিকেল পাঁচটা নাগাদ।

## ৫ কোটি টাকার টেন্ডার আলিপুরদুয়ারে



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার পৌরসভার পক্ষ থেকে প্রায় ৫ কোটি টাকার টেন্ডার করে রাখা হয়েছিল। ১৬ নম্বর ওয়ার্ডে রাস্তা তৈরিতে খুশি এলাকার বাসিন্দারা এমনটাই জানা গেছে বাসিন্দাদের সঙ্গে কথা বলে বৃহস্পতিবার বিকেল চারটা নাগাদ। প্রায় দুই শতাধিক বাড়ি আছে ১৬ নম্বর ওয়ার্ডে একটি রাস্তার পাশে। যাতায়াতের রাস্তা ভালো ছিল না। এই রাস্তা দিয়ে প্রচুর মানুষ প্রতিদিন যাতায়াত করে। বাড়ি বাড়ি জলের সংযোগ দেওয়ার দরুন রাস্তা খারাপ হয়ে গিয়েছিল। অবশেষে আলিপুরদুয়ার পৌরসভার পক্ষ থেকে ১৬ নম্বর ওয়ার্ডে সাধারণ মানুষের দাবীকে মান্যতা দিয়ে রাস্তা পাকা করার কাজ করলেন পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর।

## শামুকতলায় গৃহবধূকে গরম জল ঢেলে প্রাণে মারার চেষ্টা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ সেপ্টেম্বর :শামুকতলা ইন্দিরা কলোনির ২২ বছরের এক গৃহবধূকে প্রাণে মারার চেষ্টা করেছিলেন তার স্বামী শাশুড়ি সহ পরিবারের সদস্যরা। এমনটাই অভিযোগ হয়েছে পুলিশের কাছে। শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে বৃহস্পতিবার রাত দশটা নাগাদ এমনটাই জানিয়েছেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে মামলা শুরু করেছে শামুকতলা থানার পুলিশ। গত ছয় দিন আগে শামুকতলা ইন্দিরা কলোনির ২২ বছরের গৃহবধূ নিতু কুমারী কে গরম জল ঢেলে প্রাণে মারার চেষ্টা করেছেন। নিতুর বাবা মঙ্গলবারে ঘটনার কথা শুনেই শামুকতলায় এসে তার মেয়েকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যান চিকিৎসার জন্য। তিন দিন ঘরে থাক পরে থাকার পরেও তার চিকিৎসা করেননি স্বামী সহ পরিবারের সদস্যরা। বৃহস্পতিবার তার বাবা তার মেয়ে জামাই আকাশ কুমার সহ পরিবারের সকলের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করে। অভিযোগের পরিপ্রেক্ষিতে মামলা শুরু করে পুলিশ। বর্তমানে নিতু তার শ্বশুর বাড়িতেই রয়েছে। তবে অভিযুক্তদের এখনো গ্রেফতার করতে পারিনি পুলিশ।

## এক লাখ দশ হাজার টাকার চেক পেল ১৫টি পূজা কমিটি




মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ সেপ্টেম্বর :কালচিনি থানার অন্তর্গত ১৫ টি পুজো কমিটিকে সরকারি অনুদান চেক তুলে দিল পুলিশ আধিকারিকরা। বৃহস্পতিবার কালচিনি থানার ওসি অমিত শর্মা সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা কালচিনি থানার অন্তর্গত কালচিনি, হ্যামিলটনগঞ্জ সহ একাধিক পুজো মন্ডপে গিয়ে পুজো কমিটির সদস্যদের হাতে মুখ্যমন্ত্রীর দেওয়া পুজোর আর্থিক অনুদানের চেক প্রদান করেন। শুধু তাই নয় সাইবার ক্রাইম নিয়ে জনগণের উদ্দেশ্যে সচেতনা ব্যানারও পুজো কমিটিদের প্রদান করা হয়। এদিন রাত সাড়ে সাতটা নাগাদ কালচিনি থানার ওসি অমিত শর্মা জানান কালচিনি থানার অন্তর্গত মোট ৫৫ টি পুজো কমিটি রয়েছে। আজকে আমরা ১৫ টি পূজা কমিটিদের চেক তুলে দিয়েছি বাকিদেরও শীঘ্রই চেক তুলে দেওয়া হবে।

# দিন দুপুরে আলিপুরদুয়ারে ছিনতাই এর চেষ্টা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার বাবুপাড়া ১৮ নম্বর ওয়ার্ডে উত্তম ঘোষের বাড়িতে হঠাৎই ঢুকে পড়ে দুই ব্যক্তি। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার জেলা শহরের বাবু পাড়ায় এমনটাই জানা গেছে পরিবারের কর্মকর্তার কাছ থেকে বৃহস্পতিবার বেলা বারোটা নাগাদ । অচেনা দুই ব্যক্তি হঠাৎই তার স্ত্রীকে ধাক্কা দিয়ে ঘরে ঢুকে পড়ে । তাদের সঙ্গে একটি বাইক ছিল। তারা একটি বেসরকারি সংস্থার কর্মী পরিচয় দেয়। যদিও গৃহবধূর চিৎকারে তৎক্ষণাৎ তারা বের হয়ে চলে আসে । কিন্তু বাড়ির কর্তা তাদেরকে পেছনে ধাওয়া করে আলিপুরদুয়ার চৌপথী সংলগ্ন এলাকায় ধরে ফেলে। চৌপথি সংলগ্ন এলাকায় তারা একটি বাড়িতে ঢুকে ছিল বাইরে গাড়ি রেখে। গাড়ি রেখেই পালিয়েছে তারা পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। প্রকাশ্য দিবালোকে এমন ঘটনায় জেলা শহরে চাঞ্চল্য ছড়িয়ে।

# বারবিশায় জাতীয় সড়কে অটো উল্টে জখম ২ মহিলা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ সেপ্টেম্বর : বৃহস্পতিবার কুমারগ্রাম ব্লকের বারবিশার দক্ষিণ রামপুর এলাকায় ৩১ নম্বর সি জাতীয় সড়কে অটো উল্টে জখম হলেন দুই মহিলা। এদিন বিকেল নাগাদ দুর্ঘটনাটি ঘটে। জানা গিয়েছে, বারবিশা থেকে জাতীয় সড়ক ধরে মাঝেরডাবরির দিকে যাচ্ছিল যাত্রী বোঝাই অটোটি। দক্ষিণ রামপুর এলাকায় রাস্তার মাঝে আচমকাই একটি ছাগল চলে আসে। ছাগলটিকে বাঁচাতে গিয়ে অটোটি নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। জখম দুই মহিলাকে উদ্ধার করে কামাখ্যাগুড়ি গ্রামীণ হাসপাতালে পাঠানো হয়েছে। বারবিশা ফাঁড়ির পুলিশ দুর্ঘটনার কবলে পড়া অটোটি আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে।

# মদ ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান যশোডাঙ্গায় ,উদ্ধার মদ




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ সেপ্টেম্বর : শামুকতলা থানা এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে সাদা পোশাকের পুলিশ অভিযানে নেমেছে বৃহস্পতিবার সন্ধ্যা থেকে। অভিযান চলবে দুর্গাপুজা পর্যন্ত জানিয়েছেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দে। পূজোর প্রাক্কালে বাড়ছে চুরি। অশান্তি শুরু হয়েছে রাস্তায় বাজারে মদ খেয়ে। বৃহস্পতিবার শামুকতলা থানার পুলিশ এবং সাদা পোশাকের পুলিশ অভিযান চালিয়ে যশোডাঙ্গা বাজার এলাকা থেকে প্রচুর পরিমাণে বাংলা মদ উদ্ধার করেছে। যশোডাঙ্গা বাজার এলাকায় বেশ কয়েকটি দোকানে এবং মাঠে মদ বিক্রির অভিযোগ হয়েছিল পুলিশের কাছে। এছাড়াও গত তিন দিন আগে বাজারে ডিউটি রত সিভিক ভলেন্টিয়ারের সাইকেল চুরির পাশাপাশি দোকানে চুরির ঘটনা ঘটেছে। এমন ঘটনায় ক্ষিপ্ত হয়ে আছে ব্যবসায়ী থেকে শুরু করে সাধারণ মানুষ । ওসি বিশ্বজিৎ দে জানিয়েছেন থানা এলাকায় লাগাতার অভিযান চলবে এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে।



# কোহিনুরে বোনাসের দাবিতে তৃণমূলের গেট মিটিং



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ সেপ্টেম্বর : কোহিনুর চা বাগানে তৃণমূল কংগ্রেসের নেতৃত্বের পক্ষ থেকে গেট মিটিং করা হয়েছে বৃহস্পতিবার সকালে। বৃহস্পতিবার বেলা দশটা পর্যন্ত গেট মিটিং করে শ্রমিকরা কাজের উদ্দেশ্যে রওনা দেন। ১৫ ই সেপ্টেম্বরের মধ্যে চা বাগানের বোনাস প্রদান শেষ করার কথা ছিল । কিন্তু এরই মধ্যে কেটে গেছে আরো তিন দিন। কোহিনুর চা বাগানে তৃণমূল নেতৃত্ব থেকে শুরু করে শ্রমিকরা জাননেনা কত শতাংশ বোনাস তাদের দেওয়া হবে এবং কবে সেই বোনাস তারা হাতে পাবেন। বৃহস্পতিবার সকালে তারা গেট মিটিং শুরু করেন বেলা দশটা নাগাদ তারা গেট মিটিং শেষ করেন। কোহিনুর তথা আলিপুরদুয়ার জেলার তৃণমূলের ট্রেড ইউনিয়নের নেতা কেদার নেওয়ার জানিয়েছেন শ্রমিকদের স্বার্থে গেট মিটিং করা হয়েছে। চা বাগানের শ্রমিকরা এই গেট মিটিং এ শামিল হয়েছিল। শ্রমিকদের স্বার্থে তারা লড়ে যাবেন। কুড়ি শতাংশ বোনাস কোহিনূর চা বাগানের শ্রমিকদের দিতে হবে নইলে বৃহত্তর আন্দোলন নামবেন তারা জানিয়েছেন কেদার নেওয়ার।

# তৃণমূলের জেলা কার্যালয়ে চুরি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ১৮ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার সংঘশ্রী ক্লাবে চুরির ঘটনার পাশাপাশি তৃণমূলের জেলা কার্যালয়ে চুরির ঘটনা ঘটেছে এমনটাই জানা গেছে আলিপুরদুয়ারের প্রাক্তন বিধায়ক সৌরভ চক্রবর্তী এর কাছ থেকে বৃহস্পতিবার বিকেল চারটে নাগাদ। বিশ্বকর্মা পূজার দিন রাত অর্থাৎ বুধবার গভীর রাতে এমন ঘটনাটি ঘটেছে। জেলা শহরের ব্যস্ততম রোডেই সংঘশ্রী ক্লাব। এমন স্থানে এমন ঘটনা ঘটায় স্বাভাবিক ভাবেই নানা রকম প্রশ্ন উঠে আসছে। দুর্গা পূজার বাকি কয়েকদিন। এরই মধ্যে জেলা শহরে শাসক দলের নেতার ক্লাব সহ তৃণমূলের দলীয় কার্যালয়ে চুরির ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছেন ব্যবসায়ীরা। মন্দিরের দরজা ভাঙার চেষ্টা করেছে দুষ্কৃতীরা। এছাড়াও দরজা ভাঙ্গার চেষ্টা করেছে। জানালার কাঁচ গুলো ভেঙে দিয়েছে দুষ্কৃতীরা।

# ব্লক কমিটি থেকে ইস্তফা তৃণমূল নেতার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৮ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলায় তৃণমূলের ব্লক কমিটি সহ অঞ্চল সভাপতির নাম ঘোষণা হওয়ার পরেই তীব্র অসন্তোষ দেখা দিয়েছে গোটা জেলা জুড়ে। তৃণমূল কংগ্রেসের ব্লক কমিটি সম্পাদক পদ থেকে ইস্তফা দেওয়ার ইচ্ছা প্রকাশ করে দলীয় নেতৃত্বের কাছে ইস্তফা পত্র দিলেন টটপাড়া ২ গ্রাম পঞ্চায়েতের তৃণমূল নেতা মতীন্দ্র দেবনাথ। এমনটাই জানিয়েছেন তিনি বৃহস্পতিবার রাত আটটা নাগাদ। একসময় তিনি ওই গ্রাম পঞ্চায়েতের অঞ্চল সভাপতির দায়িত্বে ছিলেন। সদ্য আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার ২ ব্লকের তৃণমূলের ব্লক কমিটি গঠন হয়েছে। ব্লক কমিটি গঠন হওয়ার পর একের পর এক কর্মকর্তারা তাদের পদ থেকে ইস্তফা দিচ্ছেন। বৃহস্পতিবার ইস্তফা দিলেন ব্লক কমিটির সম্পাদক মতীন্দ্র দেবনাথ। তিনি জানিয়েছেন তার ইস্তফা পত্র দলীয় নেতৃত্বের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে।

# বিদ্যুৎপৃষ্ট হয়ে যুবকের মৃত্যু লোকনাথপুরে



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,১৮ সেপ্টেম্বর : বিদ্যুৎপৃষ্ট হয়ে মৃত্যু হয়েছে এক যুবকের । ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের ডাঙ্গী সংলগ্ন লোকনাথপুর ২ এলাকায়। মৃতদেহ উদ্ধার করে নিয়ে এসেছে পুলিশ শামুকতলা থানায় বৃহস্পতিবার বিকেল পাঁচটা নাগাদ। জানা গেছে রতন দাস ওরফে রুবেল নামে ওই যুবক বাড়ি সংলগ্ন স্থানে বিদ্যুতের তার সংযোগ দেওয়ার সময় হঠাৎই বিদ্যুৎপৃষ্ট হয়ে পড়ে যায়। তৎক্ষণাৎ চিৎকার চেঁচামেচি শুরু হলে পাড়া-প্রতিবেশী এবং পরিবারের লোকেরা গিয়ে দেখেন বিদ্যুতের তার জড়ানো নিস্তেজ অবস্থায় পড়ে রয়েছে। এরপরেই ঘটনাস্থলে পৌঁছায় শামুকতলা থানার পুলিশ ।পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে। শুক্রবার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে পাঠানো হবে ময়নাতদন্তের জন্য। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে এলাকায়।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |